

## উচ্চ-মাধ্যমিক ২০২৫

বিষয়: বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ১০০

(দ্রষ্টব্য-ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষণীয়)

১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা

(খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ-

ধন্যবাদ, পরীক্ষিত, আত্মীয়, ঐশ্বর্য, বিহ্বল, বিশ্বাস, জ্ঞাপনপত্র, আবৃত্তি

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা

(খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখ-

বাল্মিকি, প্রতিদ্বন্দ্বি, শশাণ, তিরস্কার, বিনাপানী, মুহুমুহু, ভৌগলিক, শীতাতাপ

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

অথবা

(খ) যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো।

অধিক ভোজন অনুচিত।

সিন্ধু নীলাম্বরী।

মোদের গরব মোদের আশা, আ-মরি বাংলা ভাষা।

দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?

শাবাশ! দারুণ খেলেছে আমাদের ছেলেরা।

ট্রেনটা এখনই এসে পড়বে।

সাদা কাপড় পরলেই মন সাদা হয় না।

সময় নেই তাই বসতে পারছি না।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে বিশ্লেষণ করো। ৫

অথবা

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যেকোনো পাঁচটি)।

বিষাদসিন্ধু, আরক্তিম, দম্পতি, হাতাহাতি, শ্রমলব্ধ, আমরণ, দেশান্তর, আশীর্ষ

৫। (ক) বাক্য বলতে কী বোঝ? সার্থক বাক্যের বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ আলোচনা করো। ৫

অথবা

(খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটির বাক্যান্তর করো।

(i) তারা নিয়মিত শিক্ষার্থী নয়। (অস্তিবাচক)

(ii) ওকে চেনাই যায় না। (অস্তিবাচক)

(iii) যে অন্ধ, তাকে আলো দাও। (সরল)

(iv) তোমার নাম কী? (অনুজ্ঞাসূচক)

(v) বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। (প্রশ্নবোধক)

(vi) লোকটি অশিক্ষিত হলেও অভদ্র নয়। (যৌগিক)

(vii) তিনি দরিদ্র কিন্তু সৎ। (জটিল)

(viii) মানুষ মরণশীল। (নেতিবাচক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ। ৫

(i) এ মামলায় আমি সাক্ষী দেব না।

(ii) মাদকাশক্তি ভালো নয়।

(iii) সূর্য উদয় হয়েছে।

(iv) মহারাজা সভাগৃহে প্রবেশ করলেন। (v) ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে।

(vi) তাকে সপরিবারে দাওয়াত করো।

(vii) সকল সভাগণ এখানে উপস্থিত ছিলেন।

(viii) অধ্যায়নই ছাত্রদের তপস্যা।

অথবা

(খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো।

লজ্জাক্ষর ব্যাপার। ছেলেটি বংশের মাথায় চুনকালি দিয়েছে। ওর মা-বাবার আর বাঁচার স্বাদ নেই। তারা খুবই অপমান হয়েছেন। সবাই ওকে সচ্চরিত্রবান মনে করত।

৭। (ক) যেকোনো ১০টি শব্দের পারিভাষিক রূপ লেখ। ১০

Manuscript, Geology, Dialect, Auditor, Agenda, Index, Ad-hoc, Book-post, By-Law, Census, Sabotage, Forecast, White paper, Myth, Up-to-date.

অথবা

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো।

Bengali is our mother tongue, our state language and the language of our hearts. It is our fundamental duty to learn to write and read this language correctly. We should make efforts for the all-round development of this language. English is mostly used in the international level. We can't be acquainted with the knowledge of science of the western world without the knowledge of English. We should learn English properly even for the development of our mother tongue.

৮। (ক) তোমার কলেজের প্রথম দিনের দিনলিপি রচনা করো। ১০

অথবা

(খ) 'খাদ্যে ভেজালের কারণ ও প্রতিকার' শিরোনামে একটি প্রতিবেদন রচনা করো।

৯। (ক) তোমার বড় বোনের বিয়েতে নিমন্ত্রণ জানিয়ে বন্ধুকে ই-মেইল পাঠাও। ১০

অথবা

(খ) কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে একজন সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ।

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে?

মাথা উঁচু রাখিস,

সুখের সাথী মুখের পানে যদি না চাহে

ঈর্ষ্য ধরে থাকিস।

রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,

বুক ফুলিয়ে দাঁড়াস।

আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে,

উর্ধ্ব দু'হাত বাড়াস। ১০

অথবা

(খ) ভাব-সম্প্রসারণ লেখ।

রাত যত গভীর হয়, প্রভাত তত নিকটে আসে।

১১। (ক) নারী শিক্ষার গুরুত্ব সম্পর্কে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা করো। ১০

অথবা

(খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদেগল্প লেখ।

হেমন্তের পড়ন্ত বিকেল। নদীর ধারের বটগাছটার নিচে বসে আছে সাদমান। হঠাৎ পেছনে কারও পায়ের শব্দ শুনে চমকে উঠল সে। ... ..

১২। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ। ২০

(ক) স্বদেশপ্রেম

(খ) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ

(গ) মুক্তিযুদ্ধের চেতনা ও তরুণ প্রজন্ম

(ঘ) বাংলাদেশের পর্যটনশিল্প

(ঙ) পদ্মা সেতু: উন্নয়ন ও সম্ভাবনা